# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd


স্মারক নং পনি/পিএ-৭৬৯ তারিখ : ২৬-০৪-২০২৩ খ্রি.

## এসএসসি পরীক্ষা-২০২৩ এর কেন্দ্র সচিবগণের জন্য অতীব জরুরি সতর্কতা

**এ বোর্ডের অধীন সকল এসএসসি পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র সচিবগণকে নিম্নলিখিত সতর্কতা অবলম্বন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।**

০১। পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কক্ষে সকাল ৯-৩০ মিনিটের মধ্যে প্রবেশ নিশ্চিত করতে হবে

০২। কেন্দ্রে সংযুক্ত ট্যাগ অফিসার কেন্দ্র সচিব বা তাঁর মনোনীত প্রতিনিধিকে নিয়ে ট্রেজারি/থানা/নিরাপত্তাহেফাজত হতে প্রশ্নপত্র গ্রহণ করবেন এবং পরীক্ষা শুরুর পূর্বে ট্যাগ অফিসার, কেন্দ্র সচিব এবং পুলিশ কর্মকর্তার উপস্থিতি ও স্বাক্ষরে বিধি অনুসরণ করে প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে

০৩। এসএসসি পরীক্ষা ২০২৩-এর সিকিউরিটি প্যাকেট খোলার সময় পরীক্ষার সময়সূচি অনুযায়ী সেট কোড, বিষয়, পত্র, ও বিষয় কোড ভালভাবে দেখে এবং সিকিউরিটি প্যাকেট খোলার পরও আরো একবার সেট কোড, বিষয়, পত্র ও বিষয় কোড যাচাই করে প্রশ্নপত্রের প্যাকেট খোলার জন্য অনুরোধ করা হলো।

০৪। সিকিউরিটি প্যাকেট খোলার পরও আরো একবার সেট কোড, বিষয় ও বিষয় কোড যাচাই করে প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে

০৫। প্রবেশপত্র ও নিবন্ধন কার্ড ছাড়া কাউকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া যাবে না

০৬। প্রতিদিনের পরীক্ষা শেষে ঐ দিনই বাহক মারফৎ/বাহক মারফৎ প্রেরণ করতে না পারলে জরুরী ভিত্তিতে ডাক বিভাগ/ রেলওয়ে পার্সেলের মাধ্যমে বোর্ডে প্রেরণের ব্যবস্থা করতে হবে **(পরীক্ষা শেষে লিখিত উত্তরপত্র, নৈর্ব্যক্তিক উত্তরপত্র ও টপ কভার কোনো ক্রমেই ট্রেজারি/থানা/ব্যাংকে সংরক্ষণ করা যাবে না)**

০৭। প্রতিবন্ধি ও বিশেষ চাহিদা সম্পন্ন (অটিস্টিক এবং ডাউন সিনড্রোম বা সেরিব্রালপাল্‌সি আক্রান্ত) পরীক্ষার্থীদের উত্তরপত্র **‘হলুদকাপড়ে’** এবং বহিষ্কৃত পরীক্ষার্থীদের উত্তরপত্র **‘লাল কাপড়ে’** প্যাকিং করে আলাদাভাবে প্রেরণ করতে হবে

০৮। লিখিত **উত্তরপত্র, নৈর্ব্যক্তিক উত্তরপত্র এবং টপ কভার** পরীক্ষা শেষে ঐ দিনই **আকাশি রংয়ের কাপড়** দিয়ে মুড়িয়ে যথাযথ ঠিকানায় প্রেরণ করতে হবে। এক্ষেত্রে ইংরেজি ভার্সন পরীক্ষার্থীদের শুধুমাত্র লিখিত উত্তরপত্র আলাদা করে প্রেরণ করতে হবে এবং মোড়কের উপর **“ইংরেজি ভার্সন” কথাটি** লিখতে হবে

০৯। পরীক্ষা চলাকালীন এবং পরীক্ষা অনুষ্ঠানের পূর্বে বা পরে পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থী ও পরীক্ষা সংশ্লিষ্ট কাজে নিয়োজিত ব্যক্তিগণ ব্যতীত অন্যদের প্রবেশ সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকবে। এ সময়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশকারী অননুমোদিত ব্যক্তিবর্গের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।


(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
মোবাইল : ০১৭৩৩২২২০০৩
ফোন : ০২৪৭৭৭৬২৭১৪
ই-মেইল : controller@jessoreboard.gov.bd


কেন্দ্র সচিব সকল
এসএসসি পরীক্ষা কেন্দ্র -২০২৩
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং পনি/পিএ-৭৭০

তারিখ : ২৬-০৪-২০২৩ খ্রি.

## এসএসসি পরীক্ষা-২০২৩ এর কেন্দ্র সচিবগণের জন্য জরুরী নির্দেশনা

এ বোর্ডের অধীন সকল এসএসসি পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র সচিবগণকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, এসএসসি পরীক্ষা ২০২৩-এর সিকিউরিটি প্যাকেট খোলার সময় পরীক্ষার সময়সূচি অনুযায়ী সেট কোড, বিষয়, পত্র, বিষয় কোড ভালভাবে দেখে ও সিকিউরিটি প্যাকেট খোলার পরও আরো একবার সেট কোড, বিষয়, পত্র ও বিষয় কোড যাচাই করে দেখতে হবে এবং **প্রশ্নপত্রের প্যাকেট খোলার পরও পুনরায় বিষয় ও বিষয় কোড সময়সূচি অনুযায়ী সঠিক আছে কিনা তা যাচাই করে পরীক্ষা কক্ষে প্রশ্নপত্র প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো ।**

যে কোনো ত্রুটি পরিলক্ষিত হলে সঙ্গে সঙ্গে স্থানীয় প্রশাসন ও পরীক্ষা নিয়ন্ত্রককে অবহিত করতে হবে ।

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
মোবাইল : ০১৭৩৩২২২০০৩
ফোন : ০২৪৭৭৭৬২৭১৪
ই-মেইল : controller@jessoreboard.gov.bd

কেন্দ্র সচিব সকল
এসএসসি পরীক্ষা কেন্দ্র -২০২৩
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর ।